



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-৩ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৫০.০০৩.২০২০-২২


তারিখ: ৩০/০৯/২০২০ খ্রি:।

বিষয়: জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বাগেরহাট, জেলা কার্যালয়ের ২০১৭-১৮ অর্থবছরে উত্থাপিত অগ্রিম অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রেরণ

সূত্র: প্রধান প্রকৌশলী, ডিপিএইচই'র স্মারক নং-৪৬.০৩.০০০০.০০১.০১.১৫১.৯৬-৩৯৩১, তারিখ-২৩/১২/২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাগেরহাট জেলা কার্যালয়ের ২০১৭-২০১৮ আর্থিক সালের উত্থাপিত নিম্নবর্ণিত অনুচ্ছেদ সমূহের পুনঃ ব্রডশীট জবাবের এ বিভাগের মন্তব্যে আলোকে পুনঃ প্রেরণের দুই প্রস্থ হার্ডকপি এবং ইউনিকোড NIKOSH FONT এ সফট কপি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

অর্থবছর ও অনুচ্ছেদ নং	এ বিভাগের মন্তব্য
অনুচ্ছেদ নং-৩৮ ২০১৭-২০১৮	প্রদত্ত জবাবে ৩২টি নলকুপের পানি পরীক্ষার কথা বলা হলেও প্রকৃত প্রমাণ পাওয়া গিয়াছে ২৯টি নলকুপের। ৩টি নলকুপের পানি পরীক্ষার ফলাফল পাওয়া যায়নি। অবশিষ্ট ৩টি নলকুপের পানি পরীক্ষার ফলাফলের প্রমাণকসহ পুনঃজবাব।
অনুচ্ছেদ নং-৫৯ ২০১৭-২০১৮	২০১৭-২০১৮ অর্থ বছরে ৯ টি বরাদ্দ পত্রে ৩,২২,৮৫,০০০/-টাকা প্রাপ্তির বিপরীতে ৩০ শে জুন পর্যন্ত উপ খাত ওয়ারী ব্যয়িত অর্থের CAO, LGD কর্তৃক প্রদত্ত প্রত্যয়নের প্রমাণাদিসহ পুনঃজবাব।
অনুচ্ছেদ নং-৬০ ২০১৭-২০১৮	২০১৭-২০১৮ অর্থ বছরে নিরীক্ষাকালে কতটি নলকুপ স্থাপনের কার্যাদেশ প্রদান করা হয়েছিল। তন্মধ্যে কতটি নলকুপ স্থাপন করা হয়েছে। এ বিষয়ে সুবিধা ভোগীদের নিকট হতে প্রাপ্ত প্রত্যয়ন পত্রের সংকলিত তালিকা এবং WATSAN কমিটি কর্তৃক কার্যসমাপ্তির প্রত্যয়ন সুস্পষ্টভাবে সংযোজনসহ পুনঃজবাব।
অনুচ্ছেদ নং-৬২ ২০১৭-২০১৮	উত্থাপিত আপত্তিতে বাগেরহাট জেলা কার্যালয়ের জড়িত টাকার পরিমাণ ২৩,৪১,৯৩০/- সেক্ষেত্রে দুটি ঠিকাদারী প্রতিষ্ঠানকে (মেসার্স বৃষ্টি ও মোনালিসা) মাত্র ১০০০/-টাকা করে জরিমানা করা হয়েছে। ৪ টি প্রতিষ্ঠানের কার্যাদেশের কপি, সময় বৃদ্ধির কারণ। মাত্র ১০০০/-টাকা জরিমানার যৌক্তিকতা এবং ২৩,৪১,৯৩০/-টাকার আপত্তি নিষ্পত্তির বিষয়ে সুস্পষ্ট জবাব।

 ৩০/৯/২০

মোঃ শাহ জালাল

সহকারী সচিব

ফোন: ৯৫৭৭২৩১

ই-মেইল: lgaudit3@lgd.gov.bd

প্রধান প্রকৌশলী,
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,
কাকরাইল, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
- ০২। অতিরিক্ত সচিব (অডিট), স্থানীয় সরকার বিভাগ।
- ০৩। মহাপরিচালক, পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাগেরহাট জেলা কার্যালয়, বাগেরহাট।
- ০৬। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৭। অফিস / মাস্টার কপি।